



NSU

টাইমস হায়ার এডুকেশন ২০২৬

দেশের বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শীর্ষে নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়

■ ক্যাম্পাস সময় ডেস্ক

টাইমস হায়ার এডুকেশন (টিএইচই) প্রকাশিত ওয়ার্ল্ড ইউনিভার্সিটি সাবজেক্ট র্যাংকিংস ২০২৬-এ একাধিক বিষয়ে এনএসইউ বিজনেস অ্যান্ড ইকোনমিকস বিষয়ে বিশ্বব্যাপী ৫০১-৬০০ ব্যাণ্ডে স্থান পেয়েছে এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যৌথভাবে বাংলাদেশে প্রথম স্থান অর্জন করেছে। মেডিক্যাল অ্যান্ড হেলথ সায়েন্সেস বিষয়ে এনএসইউ বিশ্বে ৪০১-৫০০ ব্যাণ্ডে অবস্থান করে এবং বাংলাদেশে যৌথভাবে দ্বিতীয় স্থান লাভ করেছে।

এনএসইউ কম্পিউটার সায়েন্স বিষয়ে বিশ্বব্যাপী ৮০১-১০০০ ব্যাণ্ডে স্থান পেয়েছে। ইঞ্জিনিয়ারিং বিষয়ে 'এটি বিশ্বে ৬০১-৮০০ ব্যাণ্ডে অবস্থান করে এবং বাংলাদেশের শীর্ষ বেসরকারি বিশ্ববিদ্যালয় হিসেবে যৌথভাবে স্বীকৃতি পেয়েছে। এ ছাড়া সোশ্যাল সায়েন্সেস বিষয়ে এনএসইউ বিশ্বব্যাপী ৫০১-৬০০ ব্যাণ্ডে স্থান অর্জনের পাশাপাশি বাংলাদেশের সর্বোচ্চ অবস্থানে থাকা বিশ্ববিদ্যালয় হিসেবে স্বীকৃত হয়েছে।

সামগ্রিকভাবে, টাইমস হায়ার এডুকেশন সাবজেক্ট র্যাংকিংস ২০২৬-এ এনএসইউ

বিজনেস অ্যান্ড ইকোনমিকসে বাংলাদেশে যৌথভাবে প্রথম, সোশ্যাল সায়েন্সেসে বাংলাদেশে প্রথম, মেডিক্যাল অ্যান্ড হেলথ সায়েন্সেসে বাংলাদেশে যৌথভাবে দ্বিতীয় এবং ইঞ্জিনিয়ারিংয়ে বাংলাদেশে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের মধ্যে প্রথম স্থান অর্জন করেছে।

ফলাফল নিয়ে প্রতিক্রিয়া জানিয়ে নর্থ সাউথ ইউনিভার্সিটির উপাচার্য ড. আবদুল হান্নান চৌধুরী বলেন, 'পড়াশোনার মানের উন্নতি, ভালো গবেষণা এবং আন্তর্জাতিকভাবে আরও সক্রিয় হওয়ার ধারাবাহিক চেষ্টার ফল হিসেবে টাইমস হায়ার



এডুকেশন সাবজেক্ট র্যাংকিংসে এই সাফল্য এসেছে। এই অর্জনের পেছনে আমাদের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারী ও সাবেক শিক্ষার্থীদের আন্তরিক পরিশ্রম এবং এনএসইউ বোর্ড অব ট্রাস্টিজের সঠিক দিকনির্দেশনা বড় ভূমিকা রেখেছে। আমরা শিক্ষা মন্ত্রণালয়, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনসহ সব সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে ধন্যবাদ জানাই।

এই সাফল্য আমাদের উচ্চশিক্ষা ও দেশের উন্নয়নে এনএসইউর অবদান আরও বাড়াতে উৎসাহ দেবে।'